# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
### Bengali Text Bulletin

**01-05-2026** **Time: 7.50 PM**

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) নির্বাচন কমিশন, মগরাহাট পশ্চিম বিধানসভা আসনের ১১টি এবং ডায়মন্ড হারবারের চারটি কেন্দ্রে আগামীকাল পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। সকাল সাতটায় ভোটগ্রহণ শুরু হয়ে চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত।

২) আগামী চৌঠা মে ভোট গণনার প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখতে আজ থেকে একাধিক জেলায় পরিদর্শন শুরু করেছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল।

৩) কলকাতা পুলিশ শহরের সাত জায়গায় স্ট্রং রুমের সামনে ১৬৩ ধারা জারি করেছে। রাজ্য জুড়ে জোরদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা।

৪) আজ বুদ্ধ পূর্ণিমা। বুদ্ধদেবের জন্মদিন ও মহাপরিনির্বাণ উপলক্ষে আয়োজন করা হয়েছে নানা ধর্মীয় অনুষ্ঠানের। শুভেচ্ছা জানিয়েছেন, রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী সহ অন্যান্যরা।

৫) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় রাজ্যের প্রায় সব জেলাতেই আজও বৃষ্টির অনুকূল পরিবেশ। ভোট গণনার দিন দুর্যোগপূর্ণ আবহাওয়ার সতর্কতা।

---

নির্বাচন কমিশন দক্ষিণ ২৪ পরগনার দুই বিধানসভা কেন্দ্রের ১৫টি বুথে আগামীকাল পুনর্নির্বাচনের সিদ্ধান্ত নিয়েছে। কমিশনের তরফে প্রকাশিত তালিকা অনুযায়ী, মগরাহাট পশ্চিমে ১১টি এবং ডায়মন্ড হারবারে ৪টি বুথে ফের ভোট হবে। সকাল ৭টায় ভোটগ্রহণ শুরু হবে। চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে এই নির্দেশ জানায়। গত ২৯ শে এপ্রিল দ্বিতীয় দফা ভোটের সময়ে এইসব কেন্দ্রগুলি থেকে অশান্তি এবং নির্বাচনী প্রক্রিয়ায় বিঘ্ন ঘটানোর খবর আসে। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এবং পর্যবেক্ষকরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে রিপোর্ট পাঠান। সেখান থেকে ফের ভোট নেওয়ার সুপারিশ নতুন দিল্লীতে ভারতের নির্বাচন কমিশনে পাঠানো হয়। তা খতিয়ে দেখার পরই কমিশন আপাতত এই ১৫ টি কেন্দ্রে পুনরায় ভোট নেওয়ার কথা জানিয়েছে। ঐ বুথগুলিতে ২৯ শে এপ্রিলের ভোট বাতিল ঘোষণা করা হয়েছে।

একইসঙ্গে আজ ফলতার ৩০ টি বুথ নিয়েও রিপোর্ট পাঠানো হয়েছে। সে সংক্রান্ত সিদ্ধান্ত এখনও পর্যন্ত জানা যায়নি।

উল্লেখ্য, ফলতার ১৭০ এবং ১৮৯ নম্বর বুথে ইভিএমে বিজেপির প্রতীকে টেপ লাগিয়ে দেওয়ার অভিযোগ সামনে আসার পরই তৎপর হয় নির্বাচন কমিশন।

--------------------

ভোট গণনার প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখতে আজ থেকে একাধিক জেলায় পরিদর্শন শুরু করেছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, গণনাকেন্দ্রগুলির পরিকাঠামো, নিরাপত্তা ব্যবস্থা, স্ট্রং

রুম সংলগ্ন নজরদারি এবং গণনার দিন প্রোটোকল ঠিকমতো মানা হচ্ছে কি না, তা খতিয়ে দেখাই এই পরিদর্শনের মূল উদ্দেশ্য।

আজ বিকেলে বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ে গণনাকেন্দ্রের স্ট্রং রুম পরিদর্শন কোরে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে সন্তোষ প্রকাশ করেছে তিনি।

বাইট

সেখান থেকেই শ্রী আগারওয়াল বিষ্ণুপুরে কে জি ইঞ্জিনিয়ারিং কলেজে স্ট্রংরুম ঘুরে দেখেন।

এর আগে  সকালে কলকাতা থেকে হেলিকপ্টারে প্রথমে পুরুলিয়ার রঘুনাথপুরে পৌঁছে গণনাকেন্দ্র পরিদর্শন করেন তিনি। সেখানে জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গে বৈঠক করে প্রস্তুতির খুঁটিনাটি খতিয়ে দেখা হয়। এরপর পুরুলিয়া শহরের গণনাকেন্দ্র ঘুরে প্রয়োজনীয় নির্দেশ দেন।

পরে শ্রী আগারওয়াল ঝাড়গ্রামে রানী ইন্দিরাদেবী গভর্নমেন্ট গার্লস কলেজে গণনাকেন্দ্র ঘুরে দেখেন।

উল্লেখ্য, গতসন্ধ্যায় কাউন্টিং সেন্টারের অদূরে আগুন লাগলে চাঞ্চল্য ছড়ায়। দ্রুত তা নিয়ন্ত্রণে আনা হয় বলে খবর। এর প্রেক্ষিতে শ্রী আগারওয়াল অগ্নি নির্বাপন ব্যবস্থা সহ বিভিন্ন দিক খতিয়ে দেখেন।

---------------------

কলকাতা পুলিশ, শহরের সাতটি জায়গায় স্ট্রং রুমের সামনে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা জারি করেছে। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্র, সাখাওয়াত মেমোরিয়াল স্কুল, হেস্টিংস হাউস, যাদবপুরের এপিসি রায় পলিটেকনিক কলেজ, সেন্ট টমাস বয়েজ স্কুল, বাবাসাহেব আম্বেদকর এডুকেশন ইউনিভার্সিটি ও বালিগঞ্জ গভর্মেন্ট হাই স্কুলের ২০০ মিটারের মধ্যে পাঁচজন বা তার বেশি জমায়েত করা নিষিদ্ধ। পুলিশ কমিশনার

অজয় নন্দ এক নির্দেশিকায় জানিয়েছেন, এই এলাকায় কোনো মিটিং, মিছিল, সমাবেশ বা বিক্ষোভ প্রদর্শন করা যাবে না। অবিলম্বে এই নির্দেশিকা কার্যকর হয়েছে। গণনা শুরু হওয়া পর্যন্ত এই নিষেধাজ্ঞা জারি থাকবে। নির্দেশ অমান্য করলে পুলিশ আইন অনুযায়ী ব্যবস্থা নেবে বলেও উল্লেখ করা হয়েছে।

--------------------

রাজ্যের ২৯৪ টি বিধানসভা আসনে আগামী সোমবার চৌঠা মে গণনা উপলক্ষে ৭৭ টি ভোট গণনা কেন্দ্রের স্ট্রং রুমগুলির নিরাপত্তায় প্রায় এক হাজার ৮৫০ জন কেন্দ্রীয় জওয়ানকে মোতায়েন করা হয়েছে। এছাড়াও গণনা কেন্দ্রে সিসিটিভি-র সঙ্গে থাকছে ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। কেন্দ্রের বাইরে ১০০ মিটারের মধ্যে কোনো যানবাহন প্রবেশ করতে পারবে না। গণনা কেন্দ্রের নিরাপত্তায় রাজ্যের সশস্ত্র পুলিশ বাহিনীকে দায়িত্ব দেওয়া হয়েছে। কেন্দ্রে প্রবেশ ও গণনা কক্ষের মাঝে রাজ্য পুলিশের পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরাও থাকবেন। তবে গণনা কক্ষে নিরাপত্তায় থাকবে শুধুমাত্র কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।

--------------------

পরাজয়ের ভয়ে তৃণমূল কংগ্রেস স্ট্রং রুম নিয়ে এত সরব হয়েছে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় জানিয়েছেন, এতদিন শুধুমাত্র বিরোধী দলগুলি স্ট্রং রুম নিয়ে বিভিন্ন অভিযোগ জানাতো। তবে এবারের নির্বাচনে মানুষ স্বতঃস্ফূর্তভাবে ভোট দেওয়ায় তৃণমূল কংগ্রেস চিন্তিত হয়ে পড়েছে।

বাইট লকেট

অন্যদিকে গণনার দিন দলের কর্মীরা কিভাবে কাজ করবেন, তা নিয়ে শিলিগুড়িতে বিজেপির নির্বাচনী কর্মশালা আজ অনুষ্ঠিত হয়।

---------------------

ভবানীপুরের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী আজ কিছুক্ষণ আগে শাখাওয়াত মেমোরিয়াল স্কুলের স্ট্রং রুমে যান। গতকাল ঐ কেন্দ্রের শাসক দলের প্রার্থী মমতা ব্যানার্জী অনৈতিকভাবে সেখানে প্রবেশ করেছিলেন বলে মন্তব্য করেন তিনি। ফের একবার সাংবাদিকদের কাছে শান্তি বজায় রাখার আবেদন জানান তিনি।

বাইট শুভেন্দু

---------------------

ভোট গণনার আগে দলের কাউন্টিং এজেন্টদের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন তৃণমূল কংগ্রেস। আগামীকাল বিকেলে ভার্চুয়াল মাধ্যমে এই বৈঠক হওয়ার কথা। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ছাড়াও অন্যান্য নেতৃত্ব বৈঠকে উপস্থিত থাকতে পারেন। ইতিমধ্যেই বিভিন্ন এলাকায় স্ট্রংরুমের নিরাপত্তা নিয়ে দলের পক্ষ থেকে প্রশ্ন তোলা হয়েছে। গতকাল কলকাতার দুই গণনা কেন্দ্রে শাসক ও বিরোধী পক্ষের মধ্যে বাদানুবাদ ও অশান্তির পর আরও বাড়ানো হয়েছে নজরদারি। আগামীকালের বৈঠকে স্ট্রংরুমে চূড়ান্ত নজরদারি এবং গণনার দিন কর্মীদের ভুমিকা নিয়ে অভিষেক পরামর্শ দিতে পারেন বলে মনে করা হচ্ছে।

---------------------

আগামী চৌঠা মে সোমবার বিধানসভা নির্বাচনের ভোটগণনার দিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ সকাল ১০টা থেকে বিকেল চারটে পর্যন্ত গীতাঞ্জলি প্রচার

তরঙ্গে বিশেষ নির্বাচনী অনুষ্ঠান "জনমত ২০২৬" সম্প্রচার করবে। এর দ্বিতীয় পর্ব শোনা যাবে রাত আটটা পাঁচ থেকে নটা পর্যন্ত। নির্বাচনী সংবাদের পাশাপাশি এতে থাকবে ভোটগণনার গতিপ্রকৃতি, ফলাফল বিশ্লেষণ ও রাজনৈতিক ব্যক্তিত্বদের মতামত। আকাশবাণী শিলিগুড়ি, শান্তিনিকেতন ও মুর্শিদাবাদ কেন্দ্র দুটি পর্বই রিলে করবে। এছাড়া DTH পরিষেবা, ফেসবুক পেজ আকাশবাণী সংবাদ কলকাতা এবং ইউ টিউব চ্যানেল আর এন ইউ কলকাতা সোশ্যাল মিডিয়াতেও "জনমত ২০২৬ "শোনা যাবে।

---------------------

আজ বুদ্ধ পূর্ণিমা। গৌতম বুদ্ধের জন্মদিন ও মহা পরিনির্বাণ উপলক্ষে এই বুদ্ধ পূর্ণিমা বা বৈশাখী পূর্নিমা, বৌদ্ধ ধর্মাবলম্বীদের কাছে এক পবিত্র উৎসব। বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বৌদ্ধ মন্দিরগুলিতে গৌতম বুদ্ধের পূজা সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোর মালায় সাজানো হয়েছে বৌদ্ধ মন্দিরগুলি।

এই তিথিতেই গৌতম বুদ্ধ তাঁর সাধনায় সিদ্ধি লাভ ও মহাপরিনির্বাণ লাভ করেছিলেন বলে জানা যায়।

এদিকে, বুদ্ধ পূর্ণিমায় পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে প্রতি বছরের মত এবারেও শিকার উৎসব বা সেঁন্দরার আয়োজন করা হয়। পুরুলিয়া ছাড়াও পার্শ্ববর্তী বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ বিভিন্ন প্রান্ত থেকে বহু মানুষ এই শিকার উৎসবে ভিড় জমান।

বুদ্ধ পূর্ণিমার পুণ্য তিথির প্রাক্কালে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন **রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু**। এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, এই পবিত্র দিনটি ভগবান বুদ্ধের মর্ত্যে আগমন, বোধিলাভ এবং মহাপরিনির্বাণের মতো যুগান্তকারী ঘটনার সাক্ষী।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক্স হ্যান্ডেলে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন ভগবান বুদ্ধের আদর্শ বাস্তবায়নের সরকারের অঙ্গীকারবদ্ধ।

পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকেও শুভেচ্ছা জানানো হয়েছে।

---------------------

আজ ঐতিহাসিক মে দিবস। দিনটি আন্তর্জাতিক শ্রম দিবস হিসেবেও উদযাপিত হচ্ছে। শ্রমিক সংগঠন গুলির পক্ষ থেকে আয়োজন করা হয়েছে নানা অনুষ্ঠান ও কর্মসূচি।

---------------------

রাজ্যপাল আর এন রবি বলেছেন, ভারতবর্ষকে শ্রেষ্ঠ বানাতে প্রত্যেকের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। মহারাষ্ট্র ও গুজরাটের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে লোকভবনে আয়োজিত এক অনুষ্ঠানে আজ তিনি বলেন, যে পরিবর্তন চতুর্দিকে হচ্ছে, তা সকলেই প্রত্যক্ষ করছেন। সেখানে হিংসার কোনো স্থান নেই।

বাইট রাজ্যপাল

---------------------

পুর নিয়োগ দুর্নীতির তদন্তে রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসু আজ ইডির ডাকে সিজিও কমপ্লেক্সে হাজিরা দেন। ৯ ঘন্টা জিজ্ঞাসাবাদের পর কিছুক্ষণ আগে সেখান থেকে বেরিয়ে আসেন তিনি। মন্ত্রী বলেন, তদন্তের স্বার্থে আগামী দিনেও তিনি সহযোগিতা করবেন।

উল্লেখ্য এর আগে তিনবার তলব করা হলেও নির্বাচনী কাজের ব্যস্ততার কারণে তিনি উপস্থিত হন নি।

---------------------

বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বেশি থাকায় রাজ্যের প্রায় সব জেলাতেই আজও বৃষ্টির অনুকুল পরিবেশ রয়েছে। বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় বিক্ষিপ্তভাবে আজ ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

আগামীকাল দক্ষিণবঙ্গের জেলাগুলিতে কিছুটা কম বৃষ্টি হলেও রবিবার ও ভোট গণনার দিন দুর্যোগপূর্ণ আবহাওয়া থাকবে বলে জানানো হয়েছে।

এদিকে উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় অতি ভারী বৃষ্টি এবং অন্য জেলাগুলিতে ভারী বৃষ্টির কমলা সতর্কতা থাকছে। আগামী দুই দিন বৃষ্টির পরিমাণ বেশি থাকলেও ধীরে ধীরে তা কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

বৃষ্টি ও মেঘলা আবহাওয়ার কারণে তাপমাত্রা নিম্নমুখী। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৯ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ৬ দশমিক দুই ডিগ্রি কম।

চার তারিখ পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

-------------------- --------------------